

কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হলেন অধ্যাপক রাশেদুল ইসলাম



প্রফেসর ড. রাশেদুল ইসলাম

শেক্সি প্রতিনিধি

প্রকাশ: ০২ ডিসেম্বর ২০২৪ | ১৫:৫২ | আপডেট: ০২ ডিসেম্বর ২০২৪ | ১৬:২০



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে নিয়োগ পেয়েছেন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (শেক্সি) কৃষি অনুষদের কীটতত্ত্ব বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. রাশেদুল ইসলাম। সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে এ নিয়োগের কথা বলা হয়।

প্রজ্ঞাপনে বলা হয়, রাষ্ট্রপতির আদেশক্রমে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে চার বছরের জন্য নিয়োগ দেওয়া হয় প্রফেসর ড. রাশেদুল ইসলামকে। ২০২১ সালের জুনে কুড়িগ্রামে কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপন করতে সংসদে ‘কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় বিল-২০২১’ উত্থাপন করা হয়।

প্রজ্ঞাপনে নিয়োগের বিষয়ে কিছু শর্ত দেওয়া হয়। সেগুলো হলো- উপাচার্য হিসেবে তাঁর নিয়োগের মেয়াদ যোগদানের তারিখ হতে ৪ (চার) বছর হবে। উপাচার্য পদে তিনি তার বর্তমান পদের সম্পরিমাণ বেতনভাতা পাবেন। তিনি বিধি অনুযায়ী পদসংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন।

এছাড়া বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে অবস্থান করবেন এবং রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যেকোনো সময় তার এ নিয়োগ বাতিল করতে পারবেন।